

# এইচএসসির আরো তিনটি পরীক্ষা স্থগিত

১৮ জুলাই, ২০২৪  
১৭:০৪

শেয়ার

অ +

অ -



ফাইল ছবি/কালের কণ্ঠ

চলমান এইচএসসি পরীক্ষার আরো তিনটি পরীক্ষা স্থগিত করা হয়েছে। আজ বৃহস্পতিবার বাংলাদেশ আন্ত সমন্বয় কমিটি এ সিদ্ধান্ত নিয়েছে। এর আগে আজ বৃহস্পতিবারের পরীক্ষাটি স্থগিত করা হয়েছিল।

আন্ত শিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি প্রফেসর তপন কুমার সরকার কালের কণ্ঠকে এ তথ্য নিশ্চিত করেছেন।

## আরো পড়ুন



সরকারের সংলাপ প্রস্তাবে যা বলছেন কোটা বিরোধীরা

তিনি বলেন, অনিবার্য কারণবশত আগামী ২১, ২৩ ও ২৫ জুলাইয়ের এইচএসসি পরীক্ষা স্থগিত করা হয়েছে। স্থগিত হওয়া পরীক্ষার পরিবর্তিত সময়সূচি বিজ্ঞপ্তির মাধ্যমে পরবর্তীতে জানিয়ে দেওয়া হবে।

আগামী ২৮ জুলাই থেকে পূর্বঘোষিত সময়সূচি অনুযায়ী পরীক্ষা যথারীতি চলবে।